অর্থাৎ আত্মসম্বন্ধে অন্য সকলের প্রিয়ত্ব। ইহাতেও একটা প্রশ্ন উঠিতে পারে যে—সকল সাধকেরই আত্মসাক্ষাৎকারে তাৎপর্য্য স্বীকার করিলাম, কিন্তু তাহাতে শ্রীহরিসেবার কি আসিল? অর্থাৎ শ্রীহরি কি আত্মা? তাহারই উত্তরে বলিতেছেন—আত্মা শ্রীহরিই অবিদ্যা নিবৃত্তি করিয়া পরম আনন্দ-স্বরূপের প্রকাশক। ঐশ্বররূপেও বলি প্রভৃতিকে যেমন আত্মদান করিয়াছিলেন, সেই প্রকারে ভক্তি-সাধন-অনুষ্ঠানকারীগণকেও আত্মদান করিয়া থাকেন? এবং শ্রীহরিই সকলের প্রিয় যেহেতুক তিনি পরমানন্দ মূর্ত্তি॥ ইতি শ্লোকার্থ॥ ৫১॥

শুক্রসম্বন্ধিজন্ম বিশুদ্ধমাতাপিতৃভ্যামুৎপত্তিঃ। সাবিত্রমুপনয়নেন। যাজ্ঞিকং দীক্ষয়া। ইন্দ্রিয়ারাধনা তৎপাটবেন। তত্র সাংখ্যেন দেহাদিব্যতিরিক্তাত্মজ্ঞান-মাত্রেণেতিটীকা। অথ শ্রেয়সামিত্যাদি টীকা চ—নন্বেষাং নানাফলসাধনানাং হরিসেবনাভাবমাত্রেণ কুতো বৈয়র্থ্যং তত্রাহ। শ্রেয়সাং ফলানামাত্মৈবাবধিঃ পরাকাষ্ঠা। অর্থতঃ পরমার্থতঃ আত্মার্থত্বেনৈবান্যেষাং প্রিয়ত্বাদিত্যর্থঃ ভবত্বাত্মাব-ধির্হরেঃ কিমায়াতং তত্রাহ সর্ব্বেষাবপীতি। আত্মদশ্চ অবিদ্যানিরাসেন স্বরূপাভি-ব্যঞ্জকঃ। ঐশ্বরেণাপি রূপেণ বলিপ্রভৃতিভ্য ইব আত্মদঃ প্রিয়শ্চ পরমানন্দরূপত্বা দিত্যেষা। অত্রসর্ব্বেষাং ভূতানাং শুদ্ধজীবানামপি আত্মা পরমাত্মেতিজ্ঞেয়ম্। রশ্মিস্থানীয়ানাং জীবানাং সূর্য্যস্থানীয়ত্বাত্তস্য। তদুক্তম্—

তস্মাৎ প্রিয়তমঃ স্বাত্মা সর্ব্বেষামেব দেহিনাম্।
তদর্থমেব সকলং জগচ্চৈতচ্চরাচরম্।
কৃষ্ণমেনববেহি ত্বমাত্মানমখিলাত্মনাম্।
জগদ্ধিতায়েত্যাদি।

আত্মানৌ জীবতাদাত্ম্যাপন্নপরব্রহ্মেশ্বরাখ্যৌ দদাতি যথাযথং স্ফূরয়তি বশীকারয়তি চ যঃ স আত্মদ ইতি স্বাম্যভিপ্রায়ঃ। কিঞ্চ—

যথাতরোর্মূলনিষেচনেন তৃপ্যন্তি তৎস্কন্ধভুজোপশাখাঃ।
প্রাণোপহারাচ্চ যথেন্দ্রিয়ানাং তথৈব সর্ব্বার্হণমচ্যুতেজ্যা॥ ৫২॥

বিশুদ্ধ পিতামাতা হইতে যে উৎপত্তি তাহারই নাম শুক্রসম্বন্ধি জন্ম। কারণ ধর্ম্মাদি অনুষ্ঠান ধার্ম্মিক পিতামাতা হইতে উৎপত্তির অপেক্ষা আছে। উপনয়নের দ্বারা যে জন্মটি হয়, তাহার নাম সাবিত্রজন্ম। দীক্ষা দ্বারা যে জন্মটি হয়, তাহার নাম যাজ্ঞিকজন্ম। "ইন্দ্রিয়ারাধনা"—বিষয় গ্রহণে ইন্দ্রিয়গণের পটুতা। এস্থানে "সাংখ্যেন"—দেহাদি অতিরিক্ত আত্মস্বরূপ জ্ঞানমাত্রেই তাৎপর্য্য। অনন্তর "শ্রেয়সামপি সর্ব্বেষাং" ইত্যাদি শ্লোকের টীকাতেও নিম্নলিখিত প্রকার অর্থই প্রকাশ করিয়াছেন। এইস্থলে একটি